

বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ।  
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০২/২০১৪

তারিখ : ১৮ পৌষ, ১৪২০  
০১ জানুয়ারি, ২০১৪

প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

প্রিয় মহোদয়,

দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে তফসিলি ব্যাংক বন্ধ রাখা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ৩০ ডিসেম্বর, ২০১৩ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭৩.০৮.০০১.১২-২৮১ এর মাধ্যমে দশম জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষে ভোট গ্রহণের দিন ০৫ জানুয়ারি, ২০১৪ তারিখ রবিরার ০৫টি জেলা (জয়পুরহাট, রাজবাড়ী, মাদারীপুর, শরীয়তপুর ও চাঁদপুর) ব্যতীত অবশিষ্ট সব জেলায় সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। এতদপ্রেক্ষিতে, ব্যাংক কর্মকর্তা/কর্মচারীদের ভোটাধিকার প্রয়োগ ও ভোট গ্রহণের সুবিধার্থে উপর্যুক্ত ০৫টি জেলা ব্যতীত অবশিষ্ট ৫৯টি জেলার তফসিলি ব্যাংকের ক্যাশ ও ক্লিয়ারিংসহ সকল কার্যক্রম আগামী ০৫ জানুয়ারি, ২০১৪ তারিখ রবিবার বন্ধ থাকবে।

০২। উল্লিখিত ০৫টি জেলার সকল ব্যাংক শাখা খোলা রাখা এবং নগদ অর্থ লেনদেনের সুবিধার্থে পর্যাপ্ত অর্থসংস্থান রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ব্যাংক ব্যবস্থাপনাকে নির্দেশ দেয়া যাচ্ছে। উল্লেখ্য, আলোচ্য পাঁচটি জেলার ক্লিয়ারিং কার্যক্রম ০৫ জানুয়ারি, ২০১৪ তারিখ রবিবার বন্ধ থাকবে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(অসীম কুমার মজুমদার)  
উপ-মহাব্যবস্থাপক  
ফোন : ৯৫৩০২৬১

